**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 30-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ২০১৮ সালে বিজেপি নেতৃত্বাধীন সরকার ক্ষমতায় আসার পর রাজ্যে এখন পর্যন্ত তেরো হাজারের বেশি সরকারি চাকুরী সরাসরি প্রদান করা হয়েছে ।**

**(২) নল জল মিত্র প্রকল্পে গত অর্থবছর থেকে এখনো পর্যন্ত রাজ্যে ৫০০ জন সুবিধাভোগীকে বহুমুখী প্রশিক্ষণ দেওয়া হচ্ছে ।**

**(৩) ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো কক্ষপথে মহাকাশযান যুক্ত এবং বিযুক্ত প্রক্রিয়া পরীক্ষার জন্য আজ রাতে শ্রীহরিকোটা থেকে দুটি কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণ করবে ।**

**(৪) গুয়াহাটিতে অনুষ্ঠিত ষষ্ঠ জাতীয় মার্শাল আর্ট আসরের কুং ফু ইভেন্টে ত্রিপুরা ১৬টি স্বর্ণ সহ মোট ৩৯টি পদক দখল করেছে ।**

**********************************************

**CM-Bardowali :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, ২০১৮ সালে বিজেপি নেতৃত্বাধীন সরকার ক্ষমতায় আসার পর রাজ্যে এখনো পর্যন্ত তেরো হাজারের বেশি সরকারি চাকুরী সরাসরি প্রদান করা হয়েছে। তাছাড়া যে সমস্ত পদে অফার ছাড়া এখনো বাকি, সেগুলি অতি শীঘ্রই প্রদান করা হবে। মুখ্যমন্ত্রী বলেন, এর মধ্যে

রয়েছে পুলিশ ও গ্রুপ ডি পদে চাকুরী। তাছাড়া ৬ হাজারেরও বেশি স্পেশাল এক্সিকিউটিভ নিয়োগের প্রক্রিয়াও শুরু হয়েছে। আজ টাউন বড়দোয়ালি বিধানসভা কেন্দ্রের অন্তর্গত স্মৃতি ক্লাব এলাকায় শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের ১৯টি আইটিআই-এ পরিকাঠামগত সংস্কার ও উন্নয়নের কাজ শুরু হয়েছে। ইতিমধ্যেই টাটার সাথে সরকার মৌ স্বাক্ষর করে কম্পিউটারভিত্তিক কোর্স শুরু হচ্ছে। এই আই টি আই গুলি থেকে বছরে পাঁচ হাজার প্রশিক্ষনার্থীর প্রশিক্ষণ শেষে চাকুরীর সুযোগ করে দেওয়া হবে। মুখ্যমন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আদর্শে অনুপ্রাণিত হয়ে মহিলাদের ক্ষমতায়ন ও যুবাদের আর্থসামাজিক ভিত্তি শক্তিশালী করে এক ত্রিপুরা শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ার লক্ষ্যে রাজ্য সরকার আন্তরিকভাবে কাজ করে যাচ্ছে। উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের কর্পোরেটর রত্না দত্ত।

এদিকে আজ আগরতলা শংকর চৌমুহনীতে দুঃস্থদের মধ্যে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরা মেডিকেল কলেজে এমবিবিএস কোর্সে আরো ৫০টি আসন বাড়ানো হচ্ছে। এর ফলে রাজ্যে এমবিবিএস কোর্সে আসন সংখ্যা বেড়ে দাঁড়াবে ৪৫০টি।

******************************

**Nal Jal Mitra :**

নল জল মিত্র প্রকল্পে গত অর্থবছর থেকে এখনো পর্যন্ত রাজ্যে ৫০০ জন সুবিধাভোগীকে বহুমুখী প্রশিক্ষণ দেওয়া হচ্ছে। দক্ষতা উন্নয়ন দপ্তরের অধিকর্তা মোহাম্মদ সাজ্জাদ আজ এ খবর জানিয়েছেন। তিনি জানান, চলতি অর্থবছরের মধ্যে ১২৬২ জনকে প্রশিক্ষণ দেবার লক্ষ্যমাত্রা নেয়া হয়েছে। মাল্টিপারপাস প্রশিক্ষণের মধ্যে রয়েছে প্লাম্বিং, ইলেকট্রিশিয়ান, রাজমিস্ত্রি, পামপ অপারেটর ইত্যাদি। প্রত্যেক গ্রাম পঞ্চায়েত থেকে একজন করে সুবিধাভোগী এই প্রশিক্ষণের সুযোগ পাচ্ছেন। এইসব

প্রশিক্ষনার্থীদের প্রশিক্ষণ দেওয়া হচ্ছে আইটিআই ও পলিটেকনিক কলেজগুলিতে। দক্ষতা উন্নয়ন দপ্তর ও জল জীবন মিশন যৌথভাবে এই প্রশিক্ষণের দায়িত্বে রয়েছে। ৬৫ দিনের এই প্রশিক্ষণ শেষে প্রশিক্ষনার্থীরা প্রত্যেকে ১০২৪০ টাকা করে সাম্মনিক ভাতা পাবেন।

****************************

**NHM-Unakoti :**

জাতীয় স্বাস্থ্য মিশনের অন্তর্গত ঊনকোটি জেলা স্বাস্থ্য মিশনের এক বৈঠক আজ কৈলাশহরে অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ। উপস্থিত ছিলেন, জেলাশাসক দিলীপ কুমার চাকমা, অতিরিক্ত জেলা শাসক অর্ঘ্য সাহা, C.M.O ডাঃ শীর্ষেন্দু চাকমা প্রমুখ।

বৈঠকে মা ও শিশুমৃত্যুর হার কমানো, প্রাতিষ্ঠানিক প্রসব করানো, অ-সংক্রামক ব্যাধির স্ক্রিনিং, ম্যালেরিয়া ও ডেঙ্গু প্রতিরোধে গৃহীত ব্যবস্থা ইত্যাদি বিষয়ে পর্যালোচনা করা হয়। তাছাড়া তথ্যচিত্র উপস্থাপনার মাধ্যমে বিভিন্ন তথ্য ও পরিসংখ্যান বৈঠকে তুলে ধরা হয়। বৈঠক শেষে ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ জানান, প্রধানমন্ত্রী সুরক্ষিত মাতৃত্ব অভিযান সহ অন্যান্য কর্মধারার রূপায়ন, অপ্রাপ্তবয়সে গর্ভধারণ রোধ করা, নবজাতকের যত্ন ইত্যাদি বিষয়ে বৈঠকে আলোচনা ও মতবিনিময় করা হয়।

****************************

**CPI(M)-Unakoti :**

সিপিআইএম'এর চতুর্থ ঊনকোটি জেলা সম্মেলন আজ কুমারঘাটের পঞ্চায়েতীরাজ ট্রেনিং ইনস্টিটিউটে অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন প্রাক্তন আইনমন্ত্রী তপন চক্রবর্তী। সম্মেলনে প্রাক্তন মুখ্যমন্ত্রী মানিক সরকার বক্তব্য রাখতে গিয়ে দেশ ও রাজ্যের বর্তমান পরিস্থিতি বিস্তারিত উল্লেখ করে কেন্দ্রীয় সরকার

ও রাজ্য সরকারের বিভিন্ন নীতির সমালোচনা করেন। সম্মেলনে উপস্থিত ছিলেন বিধানসভার প্রাক্তন উপাধ্যক্ষ পবিত্র কর, প্রাক্তন বিধায়ক রাজেন্দ্র রিয়াং প্রমুখ। সম্মেলন থেকে কৃষ্ণেন্দু চৌধুরীকে সম্পাদক করে ২৩ সদস্যের নতুন জেলা কমিটি গঠন করা হয়।

****************************

**Tourist-Sepahijala :**

২০২৪ ইংরেজি বর্ষ বিদায়ের শেষ লগ্নে উপচে পড়া ভিড় লক্ষ্য করা যাচ্ছে সিপাহীজলা জেলার অন্যতম তিনটি পর্যটন কেন্দ্রে। আগামীকাল ইংরেজি বছরের শেষ দিনে নীরমহল, সিপাহীজলা চিড়িয়াখানা ও কসবেশ্বরী কালী মন্দির প্রাঙ্গনে পর্যটক ও পিকনিক পার্টির ভিড় আরো বাড়বে বলে ধারণা সিপাহীজলা জেলা পুলিশের। জেলার অতিরিক্ত পুলিশ সুপার রাজীব সূত্রধর জানিয়েছেন, ভিড় হলেও শান্তি-শৃঙ্খলা বজায় রাখার বিষয়ে সতর্ক রয়েছে পুলিশ প্রশাসন। নীরমহল ও সিপাহীজলায় পুলিশ কর্মী ছাড়াও ৫০ জন টি.এস.আর জওয়ান নিয়োজিত থাকবে নিরাপত্তার কাজে। কসবেশ্বরী কালী মন্দিরে স্থানীয় থানার পুলিশ কর্মীদের পাশাপাশি নিরাপত্তার কাজে পুলিশকে সহায়তা করবে স্থানীয় বি.ও.পির বি.এস.এফ জওয়ানরা। রাস্তায় থাকবে মোবাইল পেট্রোলিং ভ্যান ও ট্রাফিক পুলিশের নজরদারি। এদিকে নীরমহল রুদ্রসাগর উদ্বাস্তু মৎস্যজীবী সমবায় সমিতির সভাপতি পবিত্র কুমার দাস জানিয়েছেন, শান্তি শৃঙ্খলা রক্ষায় পুলিশ টি.এস.আরের পাশাপশি নীরমহল ও রাজঘাটে সমবায় সমিতির কর্মীরাও নিয়োজিত থাকবেন।

########Byte-Pabitra Kumar Das#####

*********************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ.

ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং টুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

****************************

**ISRO :**

ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো কক্ষপথে মহাকাশযান যুক্ত এবং বিযুক্ত প্রক্রিয়া পরীক্ষার জন্য আজ রাতে শ্রীহরিকোটা থেকে দুটি কৃত্রিম উপগ্রহ উৎক্ষেপণ করবে, যার মাধ্যমে ভারত বিশ্বের চতুর্থ দেশ হিসেবে কৃতিত্ব অর্জন করবে। ইসরো'র ওয়ারহর্স রকেট, পোলার স্যাটেলাইট লঞ্চ ভেহিকেল (PSLV) দুটি কৃত্রিম উপগ্রহ - SDX01 এবং SDX02-কে 8৭৬-কিলোমিটার বৃত্তাকার কক্ষপথে স্থাপন করবে এবং জানুয়ারির প্রথম সপ্তাহে মহাকাশে যুক্ত করার পরীক্ষা SpaDEx-এর অনুশীলন করবে৷ SpaDEx মিশনটি মহাকাশ অনুসন্ধানে ভারতের ভবিষ্যত প্রচেষ্টার একটি সোপান হিসেবে স্বীকৃতি পাবে। এর মধ্যে রয়েছে পৃথিবীতে চাঁদ থেকে পাথর এবং মাটি পাওয়া, প্রস্তাবিত ভারতীয় অন্তরীক্ষ স্টেশন এবং চন্দ্র পৃষ্ঠে একজন মহাকাশচারীকে পাঠানো। এখনো পর্যন্ত আমেরিকা, রাশিয়া এবং চীন মহাকাশ ডকিং প্রযুক্তি করায়ত্ত করেছে।

****************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আমেরিকার প্রাক্তন রাষ্ট্রপতি জিমি কার্টারের মৃত্যুতে শোকপ্রকাশ করেছেন। সামাজিক মাধ্যমে এক

পোস্টে, প্রধানমন্ত্রী শ্রী মোদী, জিমি কার্টারকে মহান দূরদর্শী রাষ্ট্রনায়ক হিসেবে অবহিত করেছেন। শ্রী মোদী বলেছেন, শ্রী কার্টার বিশ্ব শান্তি ও সম্প্রীতির জন্য অক্লান্ত পরিশ্রম করেছেন এবং ভারত-মার্কিন সম্পর্ক শক্তিশালী করতে গুরুত্বপূর্ণ অবদান রেখে গেছেন।

****************************

**NSS Special Camp :**

জোলাইবাড়ি দ্বাদশ স্কুলের জাতীয় সেবা প্রকল্পের সাতদিনের বিশেষ শিবির আজ শেষ হয়েছে। বিশেষ শিবিরে এনএসএস স্বেচ্ছাসেবীরা সাফাই অভিযান, আলোচনাচক্র ও বিভিন্ন কর্মশালায় অংশগ্রহণ করে। তাছাড়া স্বেচ্ছাসেবীদের কর্মশালার মাধ্যমে বিপর্যয় মোকাবিলার নানা কৌশল সম্পর্কে অবহিত করা হয়।

*****************************

**Training-Safed :**

সফেদ-এর উদ্যোগে আজ দক্ষিন জেলার বকাফা ব্লক কার্যালয়ে স্বাবলম্বন প্রকল্পে অটোরিকশা, বিউটি পার্লার, পোল্টি মোরগ পালন, রাবার প্রক্রিয়াকরন সহ বিভিন্ন প্রকল্পে ঋনের মঞ্জুরিপত্র প্রাপকদের ব্যবসার উন্নতিকল্পে প্রশিক্ষণ দেওয়া হয়। আজ মোট ৫২ জন সুবিধাভোগীকে প্রশিক্ষণ দেয়া হয়।

*********************************

**Pilak Festival :**

আগামী ১৯-২১ জানুয়ারি তিনদিনের পিলাক প্রত্ন ও পর্যটন উৎসব জোলাইবাড়ি ব্লকের পশ্চিম পিলাক দ্বাদশ স্কুলে অনুষ্ঠিত হবে। আজ পশ্চিম পিলাক দ্বাদশ স্কুলে সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়ার পৌরাহিত্যে অনুষ্ঠিত সভায় ২০২৫ সালের পিলাক উৎসবের দিনক্ষন চুড়ান্ত করা হয়। প্রস্তুতি সভায় দক্ষিণ ত্রিপুরা

জেলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত, শান্তিরবাজারের মহকুমা শাসক কৃষ্ণ চন্দ্র শর্মা প্রমুখ উপস্থিত ছিলেন।

************************

**Jal Jiban Mission :**

জল জীবন মিশনে চলতি অর্থবছরে এখন পর্যন্ত খোয়াই জেলায় ৬.৭৯২টি বাড়িতে পাইপলাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। জেলার ৬টি ব্লকের মধ্যে কল্যাণপুর ব্লকে ৮৯৭টি, খোয়াই ব্লকে ৯০৯টি, মুঙ্গিয়াকামী ব্লকে ২১২টি, পদ্মবিল ব্লকে ৫৫৮টি, তেলিয়মুড়া ব্লকে ৩,৬১২টি ও তুলাশিখর ব্লকে ৬০৪টি বাড়িতে পাইপলাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। জেলা পানীয়জল ও স্বাস্থ্যবিধান কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

*******************************

**Weather :**

আগামীকাল রাজ্যের আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস ও সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস ও সর্বনিম্ন ১৩ দশমিক পাঁচ ডিগ্রি সেলসিয়াস।

**************************

**Medal in Kung Fu :**

গুয়াহাটিতে অনুষ্ঠিত ষষ্ঠ জাতীয় মার্শাল আর্ট আসরের কুং ফু ইভেন্টে ত্রিপুরা ১৬টি স্বর্ণ সহ মোট ৩৯টি পদক দখল করে। রাজ্যদলের হয়ে স্বর্ণ পদক জয় করে আভিয়ান্সি মজুমদার, ভিভান পাল, বক্সা দেববর্মা, জ্যাক দেববর্মা, চন্দমিতা রায়, স্বরূপা শীল, অম্বালিকা দেববর্মা, প্রিয়ুষ সূত্রধর, ভার্গবী

দাশগুপ্ত, প্রীতম শীল, আলান লেপচা, রাজ রায় এবং হৃষভ দেববর্মা।

***************************

**Medal in Karate :**

কলকাতায় অনুষ্ঠিত আন্তর্জাতিক সুতু রাই ক্যারাটে চ্যাম্পিয়নশিপে ত্রিপুরা দুই বিভাগে ৬টি স্বর্ণ পদক সহ মোট ২৬টি পদক দখল করেছে। যাদবপুরের ইন্ডোর স্টেডিয়ামে অনুষ্ঠিত আসরে ১৪ সদস্যের রাজ্যদল অংশ নেয়। আসরে রাজ্যের হয়ে স্বর্ণ পদক পায় দেবস্মিতা কর, দীপান্বিতা আচার্য, জয় দেব, সোহানা ঘোষ, রাজবীর হক এবং জেরি মিয়া দেববর্মা।

**************************

**Sadar 13 Cricket :**

টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ চারটি খেলা হয়। এতে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে বাধারঘাট কোচিং সেন্টার ৭৫ রানে ব্লাডমাউথ ক্লাবকে, নেপকো মাঠে কর্ণেল চৌমুহনী কোচিং সেন্টার ৭ উইকেটে মডার্ন ক্রিকেট একাডেমিকে, বি কে এন ভি মাঠে জি বি কোচিং সেন্টার ৭ উইকেটে মৌচাক কোচিং সেন্টারকে এবং আম্বেদকর স্কুল মাঠে প্রগতি প্লে সেন্টার ১ উইকেটে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টারকে পরাজিত করে।

******************************